দৈনিক ইত্তেফাক

APR. 30 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 6 ...

## শিক্ষামন্ত্রী সমীপে

শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সময় সরকারী নিয়োগ কমিশনের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকাগণ, নিয়োগ পেয়ে রাজধানী থেকে শুরু করে প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ছড়িয়ে থাকা সরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষকতার দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করে যাচ্ছেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, আরবী, ইসলামিয়াত বিষয়ের শিক্ষকগণ সরকারী অনেক সুযোগ-সুবিধে থেকে বঞ্চিত। যেমন সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের অ্যাডভান্স-ইনক্রিমেন্ট দেয়ার কথা বলা হয় শিক্ষা মন্ত্রণালয় অধিদপ্তরের এক প্রজ্ঞাপনের মাধ্যমে। কিন্তু সহকারী শিক্ষক-শিক্ষিকাদের যাঁরা এমএম ডিগ্রীধারী অর্থাৎ কামিল পাস তাঁদের ওই অ্যাড্‌ভান্স-ইনক্রিমেন্ট দেয়া হচ্ছে না। সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সকল বিষয়ের শিক্ষকগণ সহকারী শিক্ষক হিসেবে ঘোষণা দেয়া এবং সেইসঙ্গে সমস্ত সুযোগ-সুবিধে তাঁদের পাওয়ার কথা থাকলেও এমএম (কামিল পাস অর্থাৎ উভয় শিক্ষায় উচ্চ শিক্ষিত ডিগ্রিধারীরা এক্ষেত্রে বঞ্চনার শিকার। পরিশেষে অ্যাডভান্স-ইনক্রিমেন্ট, বিভাগীয় পদোন্নতি এবং যাঁরা বিএড প্রশিক্ষণের অনুমতি পাননি তাঁদের প্রশিক্ষণের আদেশ প্রদানসহ পুরো বিষয়টি বাস্তবতার নিরিখে সদয় বিবেচনার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় সমীপে বিনীত আবেদন জানাচ্ছি।

মোঃ জাকির হোসেন,
সহকারী শিক্ষক (আরবী-ইসলামিয়াত),
রংপুর জেলা স্কুল,
রংপুর।